



তারিখ : ০৯/০২/২০২০ খ্রিঃ

স্মারক নং-০০.৪২.১২০২.০০০.৩২.০০১.২০- ১০৩

১৪২৭ বাংলা সনে হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আখাউড়া উপজেলা ভৌগোলিক সীমার মধ্যে (পৌরসভা এলাকা ব্যতীত) অবস্থিত ইজারায়োগ্য নিম্নে উল্লিখিত হাট-বাজার ১৪২৭ বাংলা সনের (১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) জন্য ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

০১। সিডিউল প্রাপ্তির স্থান : (ক) জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া, (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া, (গ) উপজেলা ভূমি অফিস, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া, (ঘ) সোনালী ব্যাংক, আখাউড়া শাখা, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া, (ঙ) আখাউড়া থানা (পুলিশ স্টেশন), আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া।

০২। দরপত্র দাখিলের স্থান : (ক) জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া, (খ) পুলিশ সুপারের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া, (গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া, (ঘ) উপজেলা ভূমি অফিস, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া।

০৩। দরপত্র সিডিউল ফরম বিক্রয়, দরপত্র দাখিল ও দরপত্র খোলার সময়সূচি :

পর্যায়	সিডিউল ফরম বিক্রির তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম পর্যায়	২৫/০২/২০২০ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।	২৬/০২/২০২০ খ্রিঃ তারিখ বেলা ০১:০০ ঘটিকা।	২৬/০২/২০২০ খ্রিঃ তারিখ বেলা ০৩:০০ ঘটিকা।
২য় পর্যায়	১১/০৩/২০২০ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।	১২/০৩/২০২০ খ্রিঃ তারিখ বেলা ০১:০০ ঘটিকা।	১২/০৩/২০২০ খ্রিঃ তারিখ বেলা ০৩:০০ ঘটিকা।
৩য় পর্যায়	২২/০৩/২০২০ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।	২৩/০৩/২০২০ খ্রিঃ তারিখ বেলা ০১:০০ ঘটিকা।	২৩/০৩/২০২০ খ্রিঃ তারিখ বেলা ০৩:০০ ঘটিকা।

উল্লেখ্য যে, ১ম পর্যায়ে হাট-বাজারের ইজারা কার্যক্রম সম্পন্ন না হলে ২য় পর্যায়ে উল্লিখিত সময়সূচি মোতাবেক ইজারা কার্যক্রম সম্পন্ন করা হবে এবং ২য় পর্যায়ে হাট-বাজারের ইজারা কার্যক্রম সম্পন্ন না হলে ৩য় পর্যায়ে উল্লিখিত সময়সূচি মোতাবেক ইজারা কার্যক্রম সম্পন্ন করা হবে। আর কোন বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না।

০৪। ইজারায়োগ্য হাট-বাজারের নাম, অবস্থান, সরকারি ইজারা মূল্য, দরপত্র মূল্য :

ক্রমিক নং	হাট-বাজারের নাম	যে ইউনিয়নে অবস্থিত	১৪২৭ বাংলা সনের সম্ভাব্য ইজারা মূল্য	সিডিউলের মূল্য
০১	মোগড়া বাজার	মোগড়া ইউনিয়ন	৪,৫৩,০০০/-	১,৬০০/-
০২	কর্ণেল বাজার	মনিয়ন্দ ইউনিয়ন	৯৯,৭০০/-	৫০০/-
০৩	কর্মমঠ বাজার	মনিয়ন্দ ইউনিয়ন	৩৯,৩০০/-	৫০০/-

দরপত্রের শর্তাবলী :

- বাংলা ১৪২৭ সনের ১লা বৈশাখ হতে ১৪২৭ বাংলা সনের ৩০ শে চৈত্র পর্যন্ত ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।
- দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০%(শতকরা ত্রিশভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া এর অনুকূলে জমা দিতে হইবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট- বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে বা অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যাপন করা হইবে।
- যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ গৃহীত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।
- প্রাপ্ত দরপত্র সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহ্বান করা হইবে।
- এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা যাইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বান কৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।
- খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।
- সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।
- প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।
- ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারিবেন না।
- ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প ইজারাদার কর্তৃক